পুঠিয়া উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ
পুঠিয়া,রাজশাহী

নির্বাচন/২০২৩

**নির্বাচনী তফসিল**

এতদ্বারা পুঠিয়া উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ ,পুঠিয়া,রাজশাহী এর ব্যবস্থাপনা কমিটির ০৪-১০-২০২৩ তারিখের সিদ্ধান্ত মোতাবেক আগামী ২০-১২-২০২৩ খ্রি: তারিখ সকাল ১০টা হতে বিকাল ৩টা পর্যন্ত বিরতিহীন ভাবে পুঠিয়া ইউসিসিএলিঃ এর প্রশিক্ষণ হল রুমে পুঠিয়া ইউসিসিএলিঃ এর উপ-আইন অনুযায়ী ব্যবস্থাপনা কমিটির একজন সভাপতি, একজন সহ-সভাপতি, ০৬ জন সদস্যসহ সর্বমোট ০৮ সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটির নির্বাচন বিষয়ে নির্বাচন কমিটির ১৬-১১-২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা ২০০৪(সংশোধন ২০২০) অনুযায়ী ব্যবস্থাপনা কমিটির অবাধ, সুষ্ঠ ও নিরপেক্ষ নির্বাচনের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্বাচনী তফসিল ঘোষণা করা হলো।

| ক্র:নং | বিষয় | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১ | মনোনয়নপত্র বিতরণ | ২০-১১-২০২৩ ও ২১-১১-২০২৩ | সকাল ১০টা থেকে বিকাল ৪টা | পুঠিয়া ইউসিসিএলিঃ এর কার্যালয় |
| ২ | মনোনয়নপত্র জমা | ২২-১১-২০২৩ ও ২৩-১১-২০২৩ | সকাল ১০টা থেকে বিকাল ৪টা | পুঠিয়া ইউসিসিএলিঃ এর কার্যালয় |
| ৩ | মনোনয়নপত্র বাছাই | ২৬-১১-২০২৩ | সকাল ১০টা থেকে বিকাল ৪টা | পুঠিয়া ইউসিসিএলিঃ এর কার্যালয় |
| ৪ | মনোনয়নপত্র বাছাই শেষে প্রার্থীদের খসড়া তালিকা প্রকাশ | ২৭-১১-২০২৩ | দুপুর ২টা | পুঠিয়া ইউসিসিএলিঃ এর কার্যালয় |
| ৫ | মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে আপিল আবেদন দাখিল সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ২৯(১) বিধি মতে | ২৮-১১-২০২৩ ও ২৯-১১-২০২৩ | অফিস চলাকালীন সময়ে | যুগ্ম-নিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী |
| ৬ | আপিলের শুনানী গ্রহণ ও সিদ্ধান্ত প্রদান সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ২৯(২) বিধি মতে | ৩০-১১-২০২৩ ০৩-১২-২০২৩ ও ০৪-১২-২০২৩ | আপিল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে | |
| ৭ | বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ | ০৫-১২-২০২৩ | বিকাল ৩টা | পুঠিয়া ইউসিসিএলিঃ এর কার্যালয় |
| ৮ | মনোনয়নপত্র প্রত্যাহার(লিখিত আবেদনের প্রেক্ষিতে) | ০৬-১২-২০২৩ | সকাল ১০টা থেকে বিকাল ৪টা | পুঠিয়া ইউসিসিএলিঃ এর কার্যালয় |
| ৯ | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে) | ০৭-১২-২০২৩ | দুপুর ১২টা | পুঠিয়া ইউসিসিএলিঃ এর কার্যালয় |
| ১০ | প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ | ০৭-১২-২০২৩ | দুপুর ২টা | পুঠিয়া ইউসিসিএলিঃ এর কার্যালয় |
| ১১ | ভোট গ্রহণ | ২০-১২-২০২৩ | সকাল ১০টা হইতে বিকাল ৩টা | পুঠিয়া ইউসিসিএলিঃ এর প্রশিক্ষণ হল রুম |
| ১২ | ভোট গণনা ও ফলাফল প্রকাশ | ২০-১২-২০২৩ | ভোট গ্রহণের পর বিশেষ সাধারণ সভায় | পুঠিয়া ইউসিসিএলিঃ এর প্রশিক্ষণ হল রুম |

নির্বাচনী এলাকা

| ক্রমিক | পদবী | নির্বাচনী এলাকা |
|---|---|---|
| ১ | সভাপতি | সমগ্র নির্বাচনী এলাকা |
| ২ | সহ সভাপতি | সমগ্র নির্বাচনী এলাকা |
| ৩ | সদস্য-০১ | নির্বাচনী এলাকা- ব্লক ০১ |
| ৪ | সদস্য-০২ | নির্বাচনী এলাকা- ব্লক ০২ |
| ৫ | সদস্য-০৩ | নির্বাচনী এলাকা- ব্লক ০৩ |
| ৬ | সদস্য-০৪ | নির্বাচনী এলাকা- ব্লক ০৪ |
| ৭ | সদস্য-০৫ | নির্বাচনী এলাকা- ব্লক ০৫ |
| ৮ | সদস্য-০৬ | নির্বাচনী এলাকা- ব্লক ০৬ |

নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক :

| ক্রমিক | পদবী | প্রতীক সমূহ |
|---|---|---|
| ১ | সভাপতি | চেয়ার, ছাতা,আম,গোলাপ ফুল |
| ২ | সহ সভাপতি | আনারস, হারিকেন, তলোয়ার,বই |
| ৩ | সদস্য | টেলিভিশন, সাইকেল, টেবিল, মাছ, দেয়ালঘড়ি, কলম,মোরগ, কলস, মোমবাতি, ঘুড়ি, উট,কুড়াল, তালা-চাবি, মই |

নির্বাচনে প্রার্থী ও ভোটারদের জ্ঞাতব্য বিষয় :

১। পুঠিয়া উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর নির্বাচনে প্রার্থী হতে ইচ্ছুক সে পদ উল্লেখ পূর্বক প্রার্থী নিজে অথবা তার লিখিতভাবে প্রতিনিধির মাধ্যমে সমিতির কার্যালয় হতে উল্লেখিত সময় ও স্থান হতে পুঠিয়া উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর ব্যবস্থাপনা কমিটির গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সভাপতি পদের জন্য ৩০০০/-(তিন হাজার) টাকা,সহ-সভাপতি পদের জন্য ২০০০/-(দুই হাজার) টাকা এবং সদস্য পদের জন্য ১০০০/-(এক হাজার) টাকা অফেরতযোগ্য মূল্য সমিতিতে পরিশোধ করে মনোনয়নপত্র সংগ্রহ করা যাবে।

২। নির্বাচন কমিটি কর্তৃক ইস্যুকৃত মনোনয়ন পত্র ব্যতীত অন্য কোন প্রকার মনোনয়নপত্র বা তার ফটোকপি গ্রহণযোগ্য হবে না।

৩। পুঠিয়া ইউসিসিএলিঃ এর ২০-১২-২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদান এবং ব্যবস্থাপনা কমিটির সভাপতি,সহ-সভাপতি, সদস্য পদে প্রতিদ্বন্দিতা করার জন্য সংশ্লিষ্ট সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ভোটার ও মনোনয়ন প্রার্থীদের ক্ষমতা প্রদান করতে হবে। এক্ষেত্রে সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটি যে পদে প্রতিদ্বন্দিতা করার জন্য ক্ষমতা প্রদান করেছে প্রতিনিধি সেই পদ ব্যতীত অন্য কোন পদের জন্য মনোনয়নপত্র দাখিল করতে পারবেনা। উক্ত ক্ষমতা প্রদান বিষয়ে সংশ্লিষ্ট সমিতির ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তের অনুলিপি এবং প্রতিনিধির পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি সংশ্লিষ্ট সমিতির সভাপতি/ম্যানেজার কর্তৃক সত্যায়িত হতে হবে।

৪। ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সংশ্লিষ্ট প্রতিনিধির সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৮(৮) ধারা এবং ১৯(২) ধারা ও সমবায় সমিতি বিবিধমালা,২০০৪ (সংশোধিত-২০২০) এর ২৪ বিধি এবং পুঠিয়া ইউসিসিএলিঃ এর উপআইন অনুযায়ী যোগ্য/অযোগ্য কিনা সে বিষয়ে সদস্য সমিতি কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

৫। সমিতি কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত সদস্য বা প্রতিনিধির নিকট নির্ধারিত ছকে পরিচয় পত্র থাকতে হবে। পরিচয়পত্র সদস্য সমিতির সভাপতি/ম্যানেজার কর্তৃক সত্যায়িত এবং সংশ্লিষ্ট প্রশাসনিক এলাকার জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। পরিচয়পত্রে সংশ্লিষ্ট সমিতির সীলমোহর অবশ্যই থাকতে হবে।

৬। মনোনয়নপত্র নির্ভূলভাবে পূরণ করে তফসিল মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে প্রার্থী নিজে কিংবা লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট সরাসরি দাখিল করতে হবে। মনোনয়নপত্রে প্রার্থীর স্বাক্ষর সদস্য সমিতির সভাপতি/ম্যানেজার কর্তৃক যথাযথভাবে সত্যায়িত হতে হবে এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে এবং তাতে সমিতির সীল মোহর থাকতে হবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাকযোগে প্রেরিত বা অন্য কোন পদ্ধতিতে প্রাপ্ত মনোনয়ন পত্র গ্রহণযোগ্য হবে না।

৭। মনোনয়ন পত্রের সাথে .......

(ক) মনোনয়ন সংক্রান্ত সমিতির ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের ছায়ালিপি সভাপতি/ম্যানেজার কর্তৃক সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে;

(খ) প্রতিনিধির পরিচয়পত্রের কপি সংযোজন করতে হবে;

(গ) চাহিত প্রতীকের নাম মনোনয়নপত্রে উল্লেখ থাকতে হবে;

(ঘ) সমিতির সভাপতি/ম্যানেজার কর্তৃক যথাযথভাবে সত্যায়িত এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলা সমবায় কর্তকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রার্থীর ০১(এক) কপি পাসপোর্ট সাইজের ছবি;

(ঙ) প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;

(চ) প্রার্থী সংশ্লিষ্ট প্রাথমিক সমিতিতে ঋণ খেলাপী হলে তা মনোনয়ন পত্র দাখিলের পূর্বে পরিশোধের প্রমাণক জমা দিতে হবে;

(জ) মনোনয়ন পত্র ক্রয়ের মূল রশিদ।

৮। প্রতিদ্বন্দী প্রাথীর সংখ্যা অধিক হলে অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা হবে। একই প্রতীকের জন্য একাধিক প্রাথী দাবী করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবে।

৯। সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধন ২০২) এর ৩৩(৩) বিধি অনুযায়ী ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিনিধিকে নির্ধারিত ফরমে পরিচয় পত্র এবং ভোট প্রদানের বিষয়ে সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত সভার সিদ্ধান্তের ছায়ালিপি সভাপতি/ম্যানেজার কর্তৃক সত্যায়িত নির্বাচন কমিটিকে দেখাতে হবে।

১০। ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিনিধিকে সমবায় সমিতি আইন ২০০২(সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৩৭ ধারা ও সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত ২০২০) এর ৮৭,৮৮(৩) বিধি মোতাবেক যোগ্য কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট সমিতি কর্তৃক প্রত্যায়ন থাকতে হবে। প্রত্যয়ন পত্র পরিচয় ফর্মের সাথে সংযুক্ত করতে হবে।

১১। একই সমিতি/প্রতিনিধি একাধিক পদে কিংবা নিজ এলাকার বর্হিভূত নির্বাচনী এলাকা হতে ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে প্রতিদ্বন্দিতা করতে পারবেন না।

১২। অসম্পূর্ন,ঘষামাজা করা,ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত মনোনয়নপত্র সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর ২৮(১) বিধি মোতাবেক বাতিল বলে গণ্য হবে।

১৩। অবসায়নে ন্যাস্ত ,সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক অযোগ্য কিংবা নিবন্ধন বাতিলকৃত সমবায় সমিতির প্রতিনিধি নির্বাচনে অংশগ্রহণ বা ভোট প্রদান করতে পারবেন না।

১৪। সমবায় সমিতি আইন,২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধন ২০২০) এবং পুঠিয়া ইউসিসিএলিঃ এর উপআইনের সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুসরণ করে নির্বাচন পরিচালনা করা হবে।

১৫। ভোট কেন্দ্রের ভিতর কোন প্রার্থী বা ভোটার মোবাইল,ক্যামেরা ও অন্য কোন ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে প্রবেশ করতে পারবেন না।

১৬। নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে

১৭। সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত ২০২০) এর ২৮(২) বিধি মোতাবেক প্রার্থীর দাখিলকৃত মনোনয়ন পত্রের সংগে দেয়া তথ্যাদির সঠিকতা যাচাইয়ের জন্য নির্বাচন কমিটি যে কোন উপযুক্ত পদ্ধতি গ্রহণ করতে পারবে।

১৮। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬/১১/২৩
(মোঃ কামাল পারভেজ)
হিসাব রক্ষক
বিআরডিবি
পুঠিয়া, রাজশাহী ও
সদস্য,নির্বাচন কমিটি
পুঠিয়া ইউসিসিএলিঃ

১৬.১১.২৩
(তানভীর মাযহার নবীণ)
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
পুঠিয়া, রাজশাহী ও
সদস্য,নির্বাচন কমিটি
পুঠিয়া ইউসিসিএলিঃ

১৬-১১-২৩
(মোঃ সুলতানুল ইসলাম)
উপজেলা সমবায় অফিসার
পবা, রাজশাহী ও
সভাপতি,নির্বাচন কমিটি
পুঠিয়া ইউসিসিএলিঃ

স্মারক নং-নি:ক:-০২(৭) তারিখ- ১৬/১১/২০২৩ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

১। সভাপতি, পুঠিয়া ইউসিসিএলিঃ ,পুঠিয়া,রাজশাহী
(তাঁকে পুঠিয়া ইউসিসিএলিঃ এর সদস্য সমিতির নিকট নির্বাচনী তফসিল সরবরাহ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল)
২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,পুঠিয়া, রাজশাহী
৩। উপজেলা সমবায় অফিসার,পুঠিয়া, রাজশাহী
৪। উপজেলা নির্বাহী অফিসার,পুঠিয়া, রাজশাহী
৫। জেলা সমবায় অফিসার,রাজশাহী
৬। উপ-পরিচালক,বিআরডিবি,রাজশাহী
৭। যুগ্ম-নিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয়,রাজশাহী

১৬-১১-২৩
(মোঃ সুলতানুল ইসলাম)
উপজেলা সমবায় অফিসার,
পবা,রাজশাহী।